গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

**রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের অংশগ্রহণে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব |
| সভার তারিখ | ১৯ মে ২০২৪ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | রেলভবনস্থ ৯ম তলার সম্মেলন কক্ষ (কক্ষ নং- ৯৩০) |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম নং ১.১ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সেই লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ইনোভেশন টিমের গত ৩০ জানুয়ারী ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থাপিত ০৮টি উদ্ভাবনী উদ্যোগেরমধ্যে নিম্নবর্ণিত ৩টি উদ্যোগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবকের নাম |
|---|---|---|
| ১. | বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত হুইলসেট গাইড এর ঘন ঘন ভাঙ্গন এর কারণ ও এর প্রতিকার উদ্ভাবন | জনাব মোঃ তাসরুজ্জামান বাবু<br>বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন)<br>বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট |
| ২. | লালমনিরহাট বিভাগের কোচগুলোর চাকা ক্ষয় রোধে স্বল্প খরচে টার্নটেবিল জাতীয় স্থাপনা উদ্ভাবন | জনাব মোঃ তাসরুজ্জামান বাবু<br>বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন)<br>বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট |
| ৩. | ব্রডগেজ বিএফআর ওয়াগন রুপান্তর করে তাতে মিটারগেজ এবিসি কাপলার স্থাপন | জনাব মুহাম্মদ কুদরত-ই-খুদা<br>প্রধান যন্ত্র প্রকৌশলী (পশ্চিম)<br>বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী |

তিনি আরোও জানান যে, উদ্ভাবকগণ তাদের উদ্ভাবনসমূহ বাস্তবায়ন হয়েছে মর্মে অত্র মন্ত্রণালয়কে অবহিত করেছেন। সেই প্রেক্ষিতে, রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক [১.৩.১] অনুযায়ী আজকের ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করা হয়েছে। এরপর সভাপতি উদ্ভাবকদ্বয়কে উদ্ভাবনসমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

০২। জনাব মোঃ তাসরুজ্জামান বাবু, বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন), বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট পর্যায়ক্রমে তাঁর উদ্ভাবিত উদ্যোগ ২টি প্রদর্শন করেন। তিনি "বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত হুইলসেট গাইড এর ঘন ঘন ভাঙ্গন এর কারণ ও এর প্রতিকার উদ্ভাবন" শীর্ষক উদ্যোগটি প্রদর্শন করে জানান যে, হুইলসেট গাইড বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত এমন একটি গুরুত্বপূর্ণ শক অ্যাবজর্ভার যেটি ভেঙে গেলে কোচ ড্যামেজ করতে হয় বলে পথিমধ্যে প্রচুর যাত্রী ভোগান্তি ঘটে। হুইলসেট গাইড প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভাইব্রেশন ড্যাম্পার, অ্যাক্সেল কয়েল স্প্রিং ও চাকার মাঝে ভারসাম্য রক্ষা করে বলে হুইলসেট গাইড ভাঙলে বাকিগুলোরও ক্ষতি হতে পারে এবং এতে মর্মান্তিক দূর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে। তিনি আরোও

জানান তাঁর উদ্বাবিত হুইলসেট গাইডটি বাজারে প্রচলিত হুইলসেট গাইড এর চেয়ে ১৫% মূল্য সাশ্রয়ী এবং অনেক বেশি টেকসই।

০৩। জনাব মোঃ তাসরুজ্জামান বাবু এরপর "লালমনিরহাট বিভাগের কোচগুলোর চাকা ক্ষয় রোধে স্বল্প খরচে টার্নটেবিল জাতীয় স্থাপনা উদ্ভাবন" শীর্ষক উদ্যোগটি প্রদর্শন করেন। তিনি টার্নটেবিল বিষয়ে বিস্তারিত উপস্থাপনপূর্বক জানান যে, সাধারণ টার্নটেবিলের তুলনায় এর খরচ অত্যন্ত কম, টেকসই, সহজে মেরামতযোগ্য, দেশীয় প্রযুক্তি ব্যবহার করে নির্মিত যা দেশীয় প্রকৌশল ও প্রযুক্তি বিদ্যার উৎকর্ষের স্মারক, ভবিষ্যতে রেলের অন্যান্য মালামাল ও যন্ত্রপাতির ক্ষেত্রেও বিদেশ-নির্ভরতা কমিয়ে নিজেরা উদ্ভাবন করে দেশের কোটি কোটি টাকা সাশ্রয় করার আশ্বাস যোগাচ্ছে, রেলভ্রমণকে নিরাপদ তথা দুর্ঘটনামুক্ত করে প্রতিদিন হাজার হাজার সম্মানিত যাত্রীর জীবন বাঁচাতে পরোক্ষ ভূমিকা রাখবে এই উদ্ভাবন।

০৪। এরপর জনাব মুহাম্মদ কুদরত-ই-খুদা, প্রধান যন্ত্র প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী তাঁর উদ্ভাবিত "ব্রডগেজ বিএফআর ওয়াগন রুপান্তর করে তাতে মিটারগেজ এবিসি কাপলার স্থাপন" শীর্ষক উদ্যোগটি উপস্থাপন করেন। তিনি বলেন যে, এই উদ্ভাবনী ধারণাটি ইতোমধ্যে স্বল্প খরচে পরীক্ষামূলক ভিত্তিতে বাস্তবায়িত হয়েছে এবং সফলভাবে কাজ করছে। ট্রায়াল চলাকালীন সময়ে উল্লেখিত পরিবর্তিত বিএফআরটি বিজি লোকোসহ একটি এমজি ট্রেনকে পার্বতীপুর হতে পঞ্চগড় সেকশনে ৩০ কিমি/ঘণ্টা গতিতে টেনে নিয়েছিল। উক্ত বিএফআরটি বর্তমানে ঈশ্বরদী লোকোসেড এ অবস্থান করছে এবং সাম্প্রতিক সময়ে বিভিন্ন দূর্ঘটনার উদ্ধারকার্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ঢাকা এবং পার্বতীপুর সেকশনের মধ্যে ৩৭৫ কিমি ডুয়েল গেজ সেকশনে বিভিন্ন স্টেশনে রাখার জন্য আরও দুইটি অনুরূপ বিএফআর পরিবর্তন করা প্রয়োজন। এর মাধ্যমে কোন দূর্ঘটনা অথবা লোকো ফেইলরের কারণে রেললাইনের ব্লক সেকশন দ্রুততম সময়ে নিয়ন্ত্রণ করা এবং ট্রেনের সম্ভাব্য শিডিউল বিপর্যয় ঠেকানো সম্ভব হবে।

০৫। অত:পর সভায় উদ্ভাবনী ধারণাসমূহের ওপর বিস্তারিত পর্যালোচনা করা হয়। উপস্তাপিত ৩টি উদ্যোগই টেকসই, নিরাপদ ট্রেন পরিচালনায় সহায়ক, রেলসেবার গুনগত মান বৃদ্ধি এবং বাংলাদেশ রেলওয়ের কাঙ্খিত দক্ষতা অর্জনে সহায়তা করবে মর্মে উপস্থিত কর্মকর্তাবৃন্দ প্রত্যাশা করেন। সভাপতি বলেন যে, উপস্তাপিত ৩টি উদ্ভাবনী উদ্যোগই বাংলাদেশ রেলওয়ের নিরাপদ ট্রেন পরিচালনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ, সময়োপযোগী, রেলওয়ের অপারেশনাল কার্যক্রমে গতিশীলতা আনয়ন, ট্রেন দূর্ঘটনা হ্রাস, ট্রেনের শিডিউল বিপর্যয় রোধ এবং বাংলাদেশ রেলওয়ের অভিষ্ট লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তবে, "লালমনিরহাট বিভাগের কোচগুলোর চাকা ক্ষয় রোধে স্বল্প খরচে টার্নটেবিল জাতীয় স্থাপনা উদ্ভাবন" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি সার্বিক বিবেচনায় অধিকতর কার্যকরী প্রতীয়মান হয় মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। উপস্থিত সকল কর্মকর্তা এ বিষয়ে একমত পোষন করেন।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ইনোভেশন প্রদর্শনীর সমাপ্তি ঘোষণা করেন।

২১-০৫-২০২৪
ড. মো: হুমায়ুন কবীর
সচিব
৯৫৭৮১৯৯ (ফোন)
৭১১৫৫৯৯ (ফ্যাক্স)
secretary@mor.gov.bd

**নম্বর:** ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.২২.৮৯

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২১ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে;

৩। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়;
৪। যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়;
৫। অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৬। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে;
৭। সরকারী রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ঢাকা;
৮। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়;
৯। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়;
১০। উপসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১১। জনাব মুহাম্মদ কুদরত-ই-খুদা, প্রধান যন্ত্র প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী;
১২। সিনিয়র সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৩। সকল কর্মকর্তা, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
১৪। জনাব মোঃ তাসরুজ্জামান বাবু, বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন), বাংলাদেশ রেলওয়ে,লালমনিরহাট এবং
১৫। সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।



২১-০৫-২০২৪
মোহাম্মদ মাহফুজ হোসেন
সিনিয়র সিস্টেম এনালিস্ট